চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৭ এপ্রিল ২০১৮ খ্রি.

হিলভিউ আবাসিক কল্যাণ সমিতি কর্তৃক সোসাইটির নব নির্মিত গেইট উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সিটি কর্পোরেশনের সহযোগী হিসেবে হিলভিউ সোসাইটির মতো নিজস্ব উদ্যোগে প্রত্যেক পাড়া মহল্লায় সৌন্দর্য বর্ধন কাজ করা, আশপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত সমাজ গড়ার আহবান জানান। তিনি বলেন, নান্দনিক নগর গড়ে তোলার লক্ষে সৌন্দর্যবর্ধন কার্যক্রম করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। চট্টগ্রামের হারানো গৌরব ও ঐতিহ্য ফিরিয়ে আনতে চেষ্টা করছে চসিক। ছোট ছোট কাজের মাধ্যমে সৌন্দর্যবর্ধন করা হচ্ছে। মেয়র বলেন,পরিবেশ সুরক্ষার স্বার্থে জনসাধারণকে খাল,নালা-নর্দমা বা যত্রযত্র ময়লা ফেলা বন্ধ করতে হবে এবং এ বিষয়ে এলাকাবাসীর সচেতনতা বাড়াতে হবে। প্রসঙ্গক্রমে তিনি বলেন, নাগরিক সচেতনতা ছাড়া সিটি কর্পোরেশন ও সরকারের প¶ে কখনোই জলাবদ্ধতা নিরসন করা সম্ভবপর হবে না। ২৭ এপ্রিল ২০১৮ খ্রি. শুক্রবার, সকালে ফলক উম্মোচন ও মোনাজাতের মাধ্যমে হিলভিউ আবাসিক কল্যাণ সমিতি কর্তৃক সোসাইটির নব নির্মিত গেইট উদ্বোধন শেষে সুধি সমাবেশে মেয়র এসব কথা বলেন। হিলভিউ আবাসিক কল্যাণ সমিতি কর্তৃক সোসাইটির কার্যনির্বাহী পরিষদ এর সভাপতি মোহাম্মদ আলীর সভাপতিত্বে সুধি সমাবেশে বিশেষ অতিথি ছিলেন কাউন্সিলর মো. মোবারক আলী, এডভোকেট ছালে জহুর, মো. মাহবুব আলী, দিলদার হায়াত খান, শফিকুল ইসলাম, কায়ছার রিজভী টিপু, গোলাম মো. ফারুক, কামরুল আলম, মো. নাজিম উদ্দিন, কাজী নুরুল ইসলাম, এডভোকেট লোকমান হোসেন, অধ্যক্ষ জহিরুল ইসলাম, ডা. কাজী আবুল বশর ও আবদুল নবী লেদু। এতে আরো উপস্থিত ছিলেন হিলভিউ আবাসিক কল্যাণ সমিতির সহ সভাপতি মো. শাখাওয়াত হোসেন, সাধারন সম্পাদক এড. মো. মনিরুল আলম, সহ সাধারন সম্পাদক মো. আবু তাহের, অর্থ সম্পাদক মো. মনিরুল ইসলাম মুন্না, সাংগঠনিক সম্পাদক মো. তা ি জন পারভেজ, দপ্তর সম্পাদক মো. রশেদ সরওয়ার, নির্বাহী সদস্য মো. আশেক এলাহী, মো. মুছা, এম এম আলী রেজা ও জাহেদ সহ অন্যর। হিলভিউ আবাসিক কল্যাণ সমিতি কর্তৃক সোসাইটির নব নির্মিত গেইট উদ্বোধন শেষে মেয়র অত্র এলাকার বিভিন্না রাস্তা ও নালার উন্নয়ন কাজ পরিদর্শন করেন।

চট্টগ্রাম- ২৭ এপ্রিল ২০১৮ খ্রি.

ঐক্যবদ্ধ শক্তির কাছে অপশক্তি পরাজিত হতে বাধ্য জাতীয় শ্রমিকলীগ চট্টগ্রাম মহানগর, বিভিন্ন অঞ্চল, জাতীয় ও বেসিক ইউনিয়ন নেতৃবৃন্দের সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, পবিত্র ঈদুল আযহা'র পর সুবিধামত সময়ে জাতীয় শ্রমিকলীগের পরামর্শক্রমে চট্টগ্রাম মহানগর ও বিভিন্ন অঞ্চলের শ্রমিকলীগের সম্মেলন অনুষ্ঠিত হবে। তিনি সকল ধরনের ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধভাবে শ্রমিকদের স্বার্থে দায়িত্ব পালন করার আহবান জানান। মেয়র বলেন, মে দিবস উপলক্ষে লালদীঘি ময়দানে শ্রমিক শ্রেনীর বিশাল সমাবেশ অনুষ্ঠিত হবে। সে সমাবেশে জননেত্রী শেখ হাসিনার সরকারের সাফল্যসমূহ এবং শ্রমজীবি মানুষের জন্য সরকারের গৃহিত কল্যাণধর্মী কার্যক্রম তুলে ধরা হবে। তিনি সকলকে মে দিবসের শ্রমিক সমাবেশে যোগদান করার আহবান জানান। আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, মত পার্থক্য ও মতভেদ যাই থাকুক না কেন সকলকে বঙ্গবন্ধুর আদর্শে ঐক্যবদ্ধ থাকতে হবে। ঐক্যবদ্ধ শক্তির কাছে অপশক্তি পরাজিত হতে বাধ্য। তিনি শ্রমিক শ্রেনীর ঐক্য কামনা করে বলেন, সকলে ঐক্যবদ্ধ থাকলে ন্যায় সঙ্গত দাবী আদায় করা সহজ হবে। তিনি চট্টগ্রাম মহানগর এলাকাধীন ৪১ টি ওয়ার্ডে জাতীয় শ্রমিকলীগের গঠনতন্ত্র মোতাবেক কমিটি গড়ে তোলার পরামর্শ দেন। ২৬ এপ্রিল ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে জাতীয় শ্রমিকলীগ চট্টগ্রাম মহানগর, বিভিন্ন অঞ্চল, জাতীয় ও বেসিক ইউনিয়ন নেতৃবৃন্দের সভায় তিনি এসব কথা বলেন। জাতীয় শ্রমিকলীগ চট্টগ্রাম মহানগর শাখার সভাপতি বখতেয়ার উদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারন সম্পাদক সফর আলী,চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের শ্রম সম্পাদক আবদুল আহাদ,চট্টগ্রাম মহানগর শ্রমিকলীগের সাধারন সম্পাদক মাহবুবুল আলম এটলি,পাহাড়তলী অঞ্চলের সভাপতি সফি বাঙালি, দক্ষিণ জেলা জাতীয় শ্রমিকলীগের সভাপতি নুরুল হাকিম, উত্তর জেলা জাতীয় শ্রমিকলীগের সাধারন সম্পাদক এডভোকেট শামীম সহ পতেঙ্গা অঞ্জলের সভাপতি মো. ইউনুস সহ পতেঙ্গা,কালুরঘাট,পাহাড়তলী,নাছিরাবাদ ও আমিন শিল্পএলাকাধীন সভাপতি, সাধারন সম্পাদক জাতীয় ও বেসিক ইউনিয়ন সমূহের সভাপতি এবং সাধারন সম্পাদকবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৭ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম ডেকোরেটার্স মালিক সমিতির অভিষেক অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ডেকোরেটার্স মালিকদের ঐক্যবদ্ধ থেকে সাধারন মানুষের সেবা নিশ্চিত করতে হবে। তিনি নিয়মিত পৌরকর পরিশোধ এবং লাইসেন্স নবায়ন করার উপর গুরুত্বারোপ করে বলেন, চট্টগ্রাম নগরীকে পরিবেশ বান্ধব নগরী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে ডেকোরেটার্স মালিকদের ভূমিকা

গুরুত্বপূর্ণ। তিনি তাদের ব্যবসা পরিচালনায় ভোক্তাদের কথা বিবেচনায় রাখার আহবান জানান। ২৫ এপ্রিল ২০১৮ খ্রি.বুধবার, রাতে আশকারদিঘী পাড়স্থ রীমা কনভেনশন হলে অনুষ্ঠিত চট্টগ্রাম ডেকোরেটার্স মালিক সমিতির অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ আহবান জানান। চট্টগ্রাম ডেকোরেটার্স মালিক সমিতির সভাপতি হাজী মো. সাহাব উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চসিক প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবদুল কাদের, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আঞ্জুমান আরা বেগম, চট্টগ্রাম ডেকোরেটার্স মালিক সমিতির উপদেষ্টা পরিষদের কো চেয়ারম্যান নুরুল বশর মিয়া, বাংলাদেশ দোকান মালিক সমিতির চট্টগ্রাম অঞ্চলের সভাপতি সালেহ আহমদ সোলেমান, বিভিন্ন ব্যবসায়ী সমিতির মধ্যে শামসুল আলম, মো. সিরাজুল আলম, মো. আইয়ুব খান, এস এম কুতুব উদ্দিন, মো. গিয়াস উদ্দিন, বশির আহমদ, এস এম মোস্তফা, হাজী বেলায়েত হোসেন, আওয়ামীলীগ নেতা বেলাল আহমদ, আবুল হাশেম বাবুল ও মোরশেদুল আলম সহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মেয়র নবনির্বাচিত কর্মকর্তাদের শপথবাক্য পাঠ করান। অভিষেক অনুষ্ঠান পরিচালনা করেন সমিতির সাধারন সম্পাদক সাজেদুল আলম চৌধুরী মিল্টন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন